


-ঃ ও.এম.এস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তিঃ-

এতদ্বারা বাগাতিপাড়া উপজেলার জনসাধারণকে জানানো যাচ্ছে যে, ২৮/০৩/২০২৩ খ্রি. তারিখে মাননীয় সংসদ সদস্য ৫৮নাটোর-১(লালপুর-বাগাতিপাড়া) ও উপজেলা নির্বাহী অফিসারের নির্দেশনা মোতাবেক ওএমএস কার্যক্রম সূষ্ঠ ভাবে বিক্রয় করণের লক্ষ্যে বাগাতিপাড়া উপজেলার পৌর এলাকার জন্য ০১ (এক) জন ওএমএস ডিলার নিয়োগ করা হবে। নিম্নে বর্ণিত শর্তাবলী ও কাগজপত্র দাখিল স্বাপেক্ষে নিম্নে উল্লিখিত স্থাপনায় ওএমএস ডিলার নিয়োগ করার নিমিত্তে আগামী ০৪/০৪/২০২৩ খ্রি. তারিখ বিকাল ২.০০ ঘটিকার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বাগাতিপাড়া, নাটোর ও সদস্য সচিব, উপজেলা ওএমএস ডিলার নিয়োগ কমিটি, বাগাতিপাড়া, নাটোর এর দপ্তরে রক্ষিত বাক্সে খামবন্ধী আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ওএমএস ডিলার নিয়োগের শর্তাবলী ও কাগজপত্র:

- ১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং তার বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে। এর স্বপক্ষে ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি দাখিল করতে হবে।
- ২। আবেদনকারী দোকান ঘর থাকতে হবে। দোকান ঘরের মেঝে অবশ্যই পাকা হতে হবে এবং পণ্য নিরাপদ সংরক্ষণের উপযোগী হতে হবে। দোকান ঘরের মালিকানা স্বত্ব এর স্বপক্ষে দলিল/বৈধ কাগজপত্র সংযুক্ত করতে হবে।
- ৩। আবেদনকারীকে প্রতিষ্ঠিত মুদি দোকানদার/চালের খুচরা দোকানদার/সাধারণ ব্যবসায়ী হতে হবে।
- ৪। আবেদনকারীর দোকানে একসঙ্গে কমপক্ষে ৩.০০০ মে:টন খাদ্যশস্য সংরক্ষণের সু-ব্যবস্থা থাকতে হবে।
- ৫। আবেদনকারীর নামে পৌরসভা/ইউনিয়ন পরিষদেও ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনকারীকে আর্থিক দিক থেকে স্বচ্ছল হতে হবে এর স্বপক্ষে ব্যাংক ব্যবস্থাপক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে।
- ৭। আবেদনকারীকে খাদ্য বিভাগের প্রয়োজন অনুযায়ী খোলা জায়গায় অস্থায়ী কাঠামো তৈরী করে চাল বিক্রয়ের রাজী হতে হবে।
- ৮। আবেদনকারীকে আগে ডিলার হিসাবে শাস্তিপ্রাপ্ত, কালা তালিকাভুক্ত, বাতিলকৃত বা সমায়িক বরখাস্ত নন, এমন ব্যক্তি হতে হবে।
- ৯। আবেদনের সহিত ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।
- ১০। আবেদনকারীকে আবেদনপত্রে দোকানের ঠিকানা উল্লেখ করতে হবে এবং যোগাযোগের পূর্ণ ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
- ১১। আবেদনকারী ডিলার হিসেবে নিয়োগ প্রাপ্ত হলে সরকার নির্দেশিত ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প সরকার নির্ধারিত ফরমে অঙ্গীকার নামা প্রদান করতে হবে। আবেদনের সহিত উপরোল্লিখিত শর্তাবলীর সংশ্লিষ্ট কাগজপত্রাদি সংযুক্ত করে দিতে হবে। ওএমএস ডিলার নিয়োগ কমিটি কর্তৃক ডিলার নির্ধারণ চূড়ান্ত করা হবে। যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল এবং উপরোল্লিখিত ডিলার নিয়োগের স্থান পরিবর্তন করার ক্ষমতা ডিলার নিয়োগ কমিটি সংরক্ষণ করে।

বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।



(মো: ডালিম কাজী)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
বাগাতিপাড়া, নাটোর।

ও


সদস্য সচিব

উপজেলা ওএসএম কমিটি
বাগাতিপাড়া, নাটোর।
তারিখ: ০২/০৪/২০২৩খ্রি.

স্মারক নং-১১৮

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

- ১। মাননীয় সংসদ সদস্য ৫৮ নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া)
- ২। উপজেলা চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগাতিপাড়া, নাটোর।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, নাটোর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
- ৫। উপজেলা কৃষি অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
- ৬। উপজেলা শিক্ষা অফিসার, বাগাতিপাড়া, নাটোর।
- ৭। জনাব.....
- ৮। জনাব.....
- ৯। জনাব.....
- ১০। নোটিশ বোর্ড, অত্র দপ্তর।



উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(অঃদাঃ)
বাগাতিপাড়া, নাটোর।